

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭২.৩৫.০০০১.২৩.১১৯

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ  
০১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে বিভাগ খোলার অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিভাগ/বিষয় খোলার অনুমতি প্রদানের জন্য আবেদন পাওয়া গেছে:

| ক্র.নং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা                                                                 | আবেদনের বিষয়                                                                     |
|--------|--------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------|
| ১      | গোপালবাড়ী নবীন প্রগতি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা<br>ইআইআইএন নং-১৩০৭০৪                         | উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্থনীতি, ইসলাম শিক্ষা, কৃষি শিক্ষা, সমাজকল্যাণ বিষয় খোলা |
| ২      | মনসাপাড়া এ্যাডভেন্টিস্ট সেমিনারী এ্যান্ড স্কুল, ধোবাউড়া, ময়মনসিংহ<br>ইআইআইএন নং-১৩৮৯৮০        | মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা                                              |
| ৩      | দোসাইদ অধ্যক্ষ কুমার স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা<br>ইআইআইএন নং-১০৮৪৬৩                           | মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা বিভাগ খোলা                             |
| ৪      | আমজমতপুর আদর্শ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (স্কুল এন্ড কলেজ), কালীগঞ্জ, গাজীপুর<br>ইআইআইএন নং-১০৯১৮৩ | উচ্চ মাধ্যমিক বিজ্ঞান বিভাগ খোলা                                                  |
| ৫      | দোসাইদ অধ্যক্ষ কুমার স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা<br>ইআইআইএন নং-১০৮৪৬৩                           | মাধ্যমিক পর্যায়ে হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয় খোলা                            |
| ৬      | মাদারটেক আব্দুল আজিজ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, সবুজবাগ, ঢাকা                                      | উচ্চ মাধ্যমিক পর্যায়ে ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয় খোলা                       |
| ৭      | দড়গ্রাম উচ্চ বিদ্যালয়, সাটুরিয়া, মানিকগঞ্জ<br>ইআইআইএন নং-১১১০০৯                               | মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা বিভাগ খোলা                                      |

এমতাবস্থায়, উল্লিখিত আবেদনের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিওনীতিমালা-২০২৫ এর আলোকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিভাগ/বিষয় খোলার বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে নির্দেশিত ছক মোতাবেক পর্যালোচনাপূর্বক ৯ম ও ১০ম শ্রেণির বিভাগ ভিত্তিক শিক্ষার্থীর তথ্যসহ সুস্পষ্ট মতামত ও যৌক্তিকতাসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব সুপারিশসহ প্রতিবেদন (পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত তথ্যের দালিলিক প্রমাণাদি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১-১০-২০২৬

শিরীন আক্তার

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৪৫৭২০

ইমেইল : nongovt.secondary.sec1@shed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। চেয়ারম্যান (Deputation), চেয়ারম্যান এর দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭২.৩৫.০০০১.২৩.১১৯/১ (৪)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ  
০১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .....।

৪। অফিস কপি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

০১-১০-২০২৬

শিরীন আক্তার

সিনিয়র সহকারী সচিব